বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
গাজীপুর-১৭০৫।
স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
ফোন-৯২৯১১১৩

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং ঃ বাউবি/এসএসএস/ওএস-এমবিএ বাংলা/বিশেষ-১ তারিখ ঃ ২২/০৭/২০২০

সংশোধিত

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র ঃ ঢাকা/ ময়মনসিংহ/ কুমিল্লা/ চট্টগ্রাম/ সিলেট/ বরিশাল
রংপুর/ বগুড়া/ রাজশাহী/ ফরিদপুর/ যশোর/ খুলনা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় ঃ ওপেন স্কুল পরিচালিত এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের টিএমএ প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,
উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি’র ওপেন স্কুল পরিচালিত এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের ২য় সেমিস্টার ২০১৯ ব্যাচ (২) এবং ২০১ টার্ম (২য় ব্যাচ) ১ম সেমিস্টারের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত টিএমএ এসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের নিম্নবর্ণিত এসাইমেন্ট আপনার আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন সকল স্টাডি সেন্টারের সমন্বয়কারীদের কাছে বিতরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রোগ্রাম	সেমিস্টার	ব্যাচ	কোর্সের নাম	কোর্স কোড
এমবিএ	২য়	২০১৯ ব্যাচ	উচ্চতর হিসাব বিজ্ঞান	ওএস এমবিএ ১২০১
			বিপণন ব্যবস্থাপনা	ওএস এমবিএ ১২০২
			কর্পোরেট অর্থায়ন	ওএস এমবিএ ১২০৩
			কার্য ব্যবস্থাপনা	ওএস এমবিএ ১২০৪
			ব্যবস্থাপকীয় অর্থনীতি	ওএস এমবিএ ১২০৫
	১ম	২য় ব্যাচ (টার্ম ঃ ২০১)	মৌলিক ব্যবস্থাপনা	ওএস এমবিএ ১১০১
			মানব সম্পদ ব্যবস্থাপনা	ওএস এমবিএ ১১০২
			ব্যবসায় যোগাযোগ	ওএস এমবিএ ১১০৩
			সাংগঠনিক আচারণ	ওএস এমবিএ ১১০৪
			ব্যবসায় পরিসংখ্যান	ওএস এমবিএ ১১০৫

টিএমএ সংক্রান্ত সার্বিক নির্দেশনা নিম্নরূপ ঃ

১. Assignment কম্পিউটারে টাইপ করা হতে হবে। টাইপকৃত Assignment শিক্ষার্থীরা ইমেইল এর মাধ্যমে কোর্স টিউটরকে জমা দেবেন। ১৪ আগস্ট ২০২০ তারিখের মধ্যে সব টিএমএ জমা দিতে হবে।
২. Assignment Cover পেপারে পরিষ্কারভাবে শিক্ষার্থীর নাম, ID, ব্যাচ এবং সেমিস্টারের নাম, কোর্স কোড, স্টাডি সেন্টার, আঞ্চলিক কেন্দ্রের নাম লিখতে হবে।
৩. নম্বরপত্রে টিউটরকে প্রত্যেক Assignment এর জন্য আলাদাভাবে নম্বর প্রদান করতে হবে, অর্থাৎ Assignment-1 এর জন্য আলাদা ঘরে আলাদা নম্বর এবং Assignment-2 এর জন্য আলাদা ঘরে আলাদা নম্বর উল্লেখ করতে হবে। কোনো অবস্থাতে ২টি Assignment এর গড় নম্বর দেওয়া যাবে না।
৪. নম্বরপত্রে শিক্ষার্থীর শিক্ষার্থী ID দিতে হবে, কোনো অবস্থাতে ভর্তি সময়কালে প্রাপ্ত শিক্ষার্থীর Application ID ব্যবহার করে নম্বরপত্র প্রণয়ন করা যাবে না।

স্মারক নং ঃ বাউবি/এসএসএস/ওএস-এমবিএ বাংলা/বিশেষ-১ তারিখ ঃ ২২/০৭/২০২০

৫. টিউটরগণ স্ব স্ব কোর্সের Assignment মূল্যায়নপূর্বক স্টাডি সেন্টারের কোঅর্ডিনেটরের নিকট জমা দিবেন এবং কোঅর্ডিনেটর সমন্বিত নম্বরপত্রের ১ কপি পরীক্ষা নিয়ন্ত্রক (ডাকযোগে) এবং ১ কপি কেন্দ্রীয় প্রোগ্রাম সমন্বয়কারীকে ইমেইলে/ ডাকযোগে জমা দেবেন।
কেন্দ্রীয় প্রোগ্রাম সমন্বয়কারীর ঠিকানা:
জাহেদ মাননান
সহযোগী অধ্যাপক, ওপেন স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর - ১৭০৫
ইমেইল: zmannan@outlook.com

৬. মূল্যায়নের পর সকল এসাইমেন্ট স্ব স্ব স্টাডি সেন্টারের সমন্বয়কারীর তত্ত্বাবধানে জমা থাকবে।

এ আদেশ জারির সংগে সংগে ১৯ জুলাই ২০২০ তারিখে জারিকৃত আদেশটি বাতিল বলে গণ্য হবে।

ধন্যবাদসহ আপনার বিশ্বস্ত,

22/7/2020

(ড. আনিস রহমান)
পরিচালক
এসএসএস বিভাগ, বাউবি।

অনুলিপি ঃ অবগতির জন্য

১. রেজিস্ট্রার, বাউবি।
২. ডিন, ওপেন স্কুল, বাউবি।
৩. সিস্টেম ম্যাজোর/পরিচালককম্পিউটারবিভাগ, বাউবি (বিষয়টি বাউবির ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি)।
৪. পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, বাউবি।
৫. যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান কেন্দ্র, বাউবি।
৬. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর (মাননীয় উপাচার্য -এর সদয় অবগতির জন্য), বাউবি।
৭. উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর (মাননীয় প্রো-উপাচার্য -এর সদয় অবগতির জন্য), বাউবি।
৮. সংরক্ষণ নথি/সংশ্লিষ্ট নথি।

ওপেন স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

এমবিএ প্রোগ্রাম

২য় সেমিষ্টার, ব্যাচ: ২০১৯ (২)

কোর্সের নাম: উচ্চতর হিসাববিজ্ঞান

কোর্স কোড: ওএসএমবিএ ১২০১

এ্যাসাইনমেন্ট- ১ পূর্ণমান : ১০

১. কোনো কারবারি প্রতিষ্ঠান সুখ্যাতির বিনিময়ে যে বাড়তি সুবিধা পায় তাই সুনাম। এই বাড়তি সুবিধাগুলো কী কী? এই সুবিধাগুলো অর্জনে প্রতিষ্ঠানের করণীয়গুলো কী কী? বিশদভাবে লিখুন। (১০)

এ্যাসাইনমেন্ট- ২ পূর্ণমান : ১০

১. বিভাগীয় প্রতিষ্ঠান ও শাখা প্রতিষ্ঠানের মধ্যে ব্যাপক তফাৎ রয়েছে। উভয়ের উদ্দেশ্য, বৈশিষ্ট্য ও সুবিধার আলোকে উক্তিটি বিশদভাবে ব্যাখ্যা করুন। (১০)

ওপেন স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

এমবিএ প্রোগ্রাম

২য় সেমিষ্টার, ব্যাচ: ২০১৯ (২)

কোর্সের নাম: বিপণন ব্যবস্থাপনা

কোর্স কোড: ওএসএমবিএ ১২০২

এ্যাসাইনমেন্ট- ১ পূর্ণমান : ১০

১. ‘বিপণন ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে ভোক্তা সন্তুষ্টি পরিমাপ করা’- উক্তিটির পক্ষে আপনার যুক্তিগুলো লিখুন। (৫)

২. বাংলাদেশের প্রেক্ষিতে বিপণন মতবাদের প্রয়োগ নিয়ে আলোচনা করুন। (৫)

এ্যাসাইনমেন্ট- ২ পূর্ণমান : ১০

১. বোস্টন কন্সাল্টিং গ্রুপ (BCG) এ্যাপ্রোচে কৌশলগত ব্যবসায় একক মূল্যায়ন ব্যাখ্যা করুন। (৫)

২. মনে করুন, আপনি একটি মোবাইল কোম্পানির বিপণনকারী। আপনি নতুন মডেলের একটি মোবাইল বাংলাদেশের বাজারে আনতে চাচ্ছেন। নতুন মডেলের মোবাইলের জন্য আপনি একটি বিপণন পরিকল্পনা তৈরি করুন। (৫)

ওপেন স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

এমবিএ প্রোগ্রাম

২য় সেমিষ্টার, ব্যাচ: ২০১৯ (২)

কোর্সের নাম: কর্পোরেট অর্থায়ন

কোর্স কোড : ওএসএমবিএ ১২০৩

এ্যাসাইনমেন্ট- ১ পূর্ণমান : ১০

১. অভ্যন্তরীণ প্রবৃদ্ধির হার কী? প্রবৃদ্ধির নিয়ামক সমূহ আলোচনা করুন। (৫)

২. সানোফি লি: এর ইক্যুইটির উপর মুনাফার হার ১৩.১% এবং লভ্যাংশ প্রদান অনুপাত ৪০%। (৫)

(ক) কোম্পানিটির টেকসই প্রবৃদ্ধির হার কত?
(খ) কোম্পানিটির টেকসই প্রবৃদ্ধির হার আর প্রকৃত প্রবৃদ্ধির হার কী এক হবে? কেন? কেন নয়?
(গ) কোম্পানিটি কীভাবে টেকসই প্রবৃদ্ধির হার বাড়াতে পারে?

এ্যাসাইনমেন্ট- ২ পূর্ণমান : ১০

১. আর্থিক দুর্দশা কী? আর্থিক দুর্দশায় একটি ফার্ম কী ধরনের কার্যাবলি সম্পাদন করে? (৫)

২. সিনার্জির বিভিন্ন উৎসসমূহ আলোচনা করুন। (৫)

ওপেন স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

এমবিএ প্রোগ্রাম

২য় সেমিষ্টার, ব্যাচ: ২০১৯ (২)

কোর্সের নাম: কার্য ব্যবস্থাপনা

কোর্স কোড : ওএসএমবিএ ১২০৪

এ্যাসাইনমেন্ট- ১ পূর্ণমান : ১০

১. চিত্র সহকারে জীবন চক্র ধারনা এবং পণ্যের জীবনচক্রে কার্য ব্যবস্থাপনার কাজগুলো বিস্তারিত আলোচনা করুন। (৫)

২. কার্য কৌশলকে কেন উৎপাদনী প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রক্রিয়ার গুরুত্বপূর্ণ একটি অংশ বলা হয়? পণ্য ডিজাইন কী এবং পণ্য ডিজাইনের উদ্দেশ্যগুলো বর্ণনা করুন। (৫)

এ্যাসাইনমেন্ট- ২ পূর্ণমান : ১০

১. "জব ডিজাইনের ক্ষেত্রে আচরণগত মতাবাদ বা ধারণাটি কর্মী প্রেষণার সাথে সম্পৃক্ত"- আপনি কি একমত? জব ডিজাইনের আচরণ পদ্ধতি আলোচনাপূর্বক ব্যাখ্যা করুন। (৫)

২. কার্য পরিমাপ কী? আদর্শ সময় মান নির্ধারনের পদ্ধতিসমূহ বিশদভাবে ব্যাখ্যা করুন। (৫)

ওপেন স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

এমবিএ প্রোগ্রাম

২য় সেমিষ্টার, ব্যাচ: ২০১৯ (২)

কোর্সের নাম: ব্যবস্থাপকীয় অর্থনীতি

কোর্স কোড : ওএসএমবিএ ১২০৫

এ্যাসাইনমেন্ট- ১ পূর্ণমান : ১০

১. সাধারণ অর্থনীতি ও ব্যবস্থাপকীয় অর্থনীতির পার্থক্য লিখুন। (৫)

২. চাহিদা ফাংশন বলতে কি বুঝেন? একটি কাল্পনিক চাহিদা সূচী হতে চাহিদা রেখা অংকন করুন। (৫)

এ্যাসাইনমেন্ট- ২ পূর্ণমান : ১০

১. চিত্রসহ চাহিদা ও যোগানের মাধ্যমে বাজার ভারসাম্য বিশ্লেষণ করুন। (৫)

২. কিভাবে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে একটি ফার্ম লোকসান করার পরও উৎপাদন চালিয়ে যায় ? (৫)

ওপেন স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

এমবিএ প্রোগ্রাম

টার্ম: ২০১ (২য় ব্যাচ) ১ম সেমিস্টার

কোর্সের নাম: মৌলিক ব্যবস্থাপনা
কোর্স কোড : ওএসএমবিএ-১১০১

টিএমএ-১ (এক) পূর্ণমান : ১০

১. বাংলাদেশে ব্যবস্থাপনা পরিবেশের কি কি উপাদান বিদ্যমান আছে বলে আপনি মনে করেন? (৫)

২. ব্যবস্থাপনার সামাজিক দায়িত্ব পালনের প্রয়োজন আছে কি? ব্যবস্থাপনার সামাজিক দায়িত্ব পালনের পক্ষে ও বিপক্ষে যুক্তি দিন। (৫)

টিএমএ-২ (দুই) পূর্ণমান : ১০

১. "ব্যবস্থাপনা হল সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া"-ব্যাখ্যা করুন। (৫)

২. সিদ্ধান্ত গ্রহণের সীমাবদ্ধতা ও বিবেচ্য বিষয় সমূহ আলোচনা করুন। (৫)

কোর্সের নাম: মানব সম্পদ ব্যবস্থাপনা
কোর্স কোড : ওএসএমবিএ-১১০২

টিএমএ-১ (এক) পূর্ণমান : ১০

১. ‘‘একটি সুষ্ঠু মানব সম্পদ ব্যবস্থাপনার উপরই একটি শিল্প প্রতিষ্ঠানের উন্নয়ন নির্ভরশীল।“ আলোচনা করুন। (৫)

২. জনশক্তি নির্বাচন প্রক্রিয়াটি বর্ণনা করুন। (৫)

টিএমএ-২ (দুই) পূর্ণমান : ১০

১. "কিছু পূর্বশর্তের উপর ব্যক্তিক পেশা উন্নয়নের সফলতা নির্ভর করে।" আপনি কি একমত? বর্ণনা করুন। (৫)

২. শৃঙ্খলা বিধান কার্যের পদক্ষেপসমূহ আলোচনা করুন। (৫)

কোর্সের নাম: ব্যবসায় যোগাযোগ
কোর্স কোড: ওএসএমবিএ-১১০৩

টিএমএ-১ (এক) পূর্ণমান : ১০

১. "সাপ্তাহিক বিক্রয় প্রতিবেদন জমা দেওয়ার জন্য বিপণন বিভাগের ব্যবস্থাপক টেলিফোনে তার অধীনস্থ কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন"- এটি কোন ধরণের ব্যবসায় যোগাযোগ? সুবিধা ও অসুবিধাসহ উল্লেখ্য যোগাযোগের ধরণটি সংক্ষেপে আলোচনা করুন। (৫)

২. ব্যবসায় যোগাযোগের ক্ষেত্রে বিভিন্ন প্রতিবন্ধকতা বা সমস্যা সৃষ্টি হতে পারে। যে কোনো পাঁচটি প্রতিবন্ধকতার নাম উল্লেখ পূর্বক উদাহরণের সাহায্যে আলোচনা করুন। (৫)

টিএমএ-২ (দুই) পূর্ণমান : ১০

১. লিখিত যোগাযোগের মাধ্যমে সুস্পষ্ট, বিস্তারিত এবং কার্যকরভাবে তথ্য উপস্থাপন ও বিনিময় করা যায়। ব্যবসায় প্রতিষ্ঠানের বাহিরের বিভিন্ন পক্ষের সাথে যোগাযোগ করার জন্য যে কোনো পাঁচটি লিখিত যোগাযোগের পদ্ধতি উদাহরণ সহকারে আলোচনা করুন। (৫)

২. কোনো বার্তা নির্দিষ্ট প্রেরক বা পাঠক অনুযায়ী মানানসই করে প্রস্তুত করাকে কী বলে? অভিযোজন করার পদ্ধতিসমূহ আলোচনা করুন। (৫)

কোর্সের নাম: সাংগঠনিক আচরণ
কোর্স কোড: ওএসএমবিএ-১১০৪

টিএমএ-১ (এক) পূর্ণমান : ১০

১. ‘বয়স’ এবং ‘বুদ্ধিমত্তা’ - এ দুটি উপাদান কি ব্যক্তিত্বে প্রভাব বিস্তার করতে পারে? কীভাবে? আপনার বক্তব্যের স্বপক্ষে যুক্তি দেখান। (৫)

২. “মনোভাব এবং মূল্যবোধ একই জিনিস নয়, কিন্তু একে অপরের সাথে সম্পর্কিত” - আপনি কি একমত? মনোভাব ধারণাটি আলোচনা করুন। (৫)

টিএমএ-২ (দুই) পূর্ণমান : ১০

১. “দলে সদস্যদের নির্দিষ্ট আচরণ প্রত্যাশিত” - দলে সদ্যস্যদের ভূমিকা আলোচনাপূর্বক বক্তব্যটি বর্ণনা করুন। (৫)

২. “প্রতিষ্ঠানের সর্বোচ্চ স্তরে কর্তৃত্ব বা ক্ষমতা কেন্দ্রীভূত করা হলে তাকে কর্তৃত্বের কেন্দ্রীকরণ বলা হয়।” এ বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করুন। (৫)

কোর্সের নাম: ব্যবসায় পরিসংখ্যান
কোর্স কোড: ওএসএমবিএ-১১০৫

টিএমএ-১ (এক) পূর্ণমান : ১০

১. করোনা ভাইরাসের কারনে সারা বিশ্বে ব্যবসায়িক মন্দা শুরু হয়েছে। ধরুন, আপনি একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক এবং করোনাকালীন ক্রেতা/ভোক্তাদের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা জানার জন্য একটি জরিপ পরিচালনা করতে চাচ্ছেন। জরিপটি পরিচালনা করার জন্য একটি নমুনা প্রশ্নমালা তৈরি করুন। (১০)

টিএমএ-২ (দুই) পূর্ণমান : ১০

১. ধরা যাক, ঢাকা বিভাগে প্রতিদিন করোনা আক্রান্তের গড় ৫,০০০ জন এবং পরিমিত ব্যবধান ৫০ জন এবং চট্টগ্রাম বিভাগে প্রতিদিন করোনা আক্রান্তের গড় ৪,০০০ জন এবং পরিমিত ব্যবধান ৪০ জন। যদি ঢাকা বিভাগ হতে ১০০ জনের একটি এবং চট্টগ্রাম বিভাগ হতে ১২০ জনের একটি নমুনা দৈবভাবে নেয়া হয়, তবে ঢাকা বিভাগের করোনা আক্রান্তের গড় চট্টগ্রাম বিভাগের করোনা আক্রান্তের গড় থেকে সর্বনিম্ন ৫০ জন এর বেশি হবে তার সম্ভাবনা কত? (১০)